



ই-মেইল/বাহক মারফত
নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৪.২২-২২৯

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০
১৭ এপ্রিল ২০২৩

বিষয়ঃ আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৭ এপ্রিল ২০২৩ তারিখ **বৃহস্পতিবার** জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সেলে ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ সায়েম, প্রকল্প পরিচালক, আইডিআই প্রকল্প-২ (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নেতৃত্বে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:


১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়ার্টার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি'র উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের মনিটরিং সেল (কক্ষ নং-৪১৭) ৪র্থ তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-এ স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম শুরু হবে **২৭ এপ্রিল ২০২৩ তারিখ বৃহস্পতিবার সকাল ৮.০০ টা হতে।** সেলের কর্মপরিধি নিম্নরূপ:

- (ক) নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
- (খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
- (গ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
- (ঘ) ইভিএমসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।
- (ঙ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে অবহিতকরণ।

০৩। উল্লিখিত সেল যেন কার্যকর হয় এবং কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি অবহিত করা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৪। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্বপালনের জন্য একজন করে কর্মকর্তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৩। মহাপরিচালক, বিজিবি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা
- ৪। প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ

D:\2022\1. National Election\1. 285 Chattogram-8\Monitoring
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫


ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৪.২২-২২৯

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০
১৭ এপ্রিল ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব/ সচিব(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
৭. জেলা প্রশাসক, চট্টগ্রাম
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৯. পুলিশ সুপার, চট্টগ্রাম
১০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
১২. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বোয়ালখালী, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. অফিসার ইনচার্জ,(সংশ্লিষ্ট) থানা।


(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com